

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : dteadvoc@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩৭৫.১৭. ৭৭

তারিখ : ২৬/০১/২০১৭ খ্রি:

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন পিরোজপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের ইন্সট্রাক্টর(ড্রেসমেকিং) জনাব মো: মনিউল হাসান এর বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কিত মতামত/প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ালোকে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন পিরোজপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের ইন্সট্রাক্টর(ড্রেসমেকিং) জনাব মো: মনিউল হাসান এর বিরুদ্ধে স্বেচ্ছাচারিতা ও অর্পিত দায়িত্বে মারাত্মক অবহেলার অভিযোগ পাওয়া গেছে।

তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ নিম্নরূপ ;

- ক) তিনি অধ্যক্ষ-কে নিয়মিত মাসহোরা দিয়ে সে প্রতিষ্ঠানের বাহিরে চলে এসে তার ব্যক্তিগত দুইটি প্রতিষ্ঠানের পরিচালক হিসাবে পরিচালনায় ব্যস্ত থাকেন। তাঁর প্রতিষ্ঠানগুলোর একটি হচ্ছে “মিনা কম্পিউটার ট্রেনিং সেন্টার” করফার হাট, নেছারাবাদ, পিরোজপুর, প্রতিষ্ঠান কোড-৩৭০৮০ এ বাকাশিবো কর্তৃক বেসিক ট্রেড কোর্স চালু আছে এবং অপরটি “মিলন কম্পিউটার ট্রেনিং সেন্টার” চক্রবর্তী মার্কেট, বাটনাতলা, নেছারাবাদ, পিরোজপুর যাতে কম্পিউটার কম্পোজসহ কম্পিউটার ট্রেনিং দেয়া হয়। সে ড্রেসমেকিং ট্রেডের ব্যবহারিক ক্লাশ কখনই নেন না। যতটুকু নেন শুধু তাত্ত্বিক ক্লাশ।
- খ) তিনি বর্ণিত প্রতিষ্ঠান দুইটির ব্যানার, ফেস্টুর, লিফলেট ও সাইনবোর্ডে তার অফিসিয়াল মোবাইল নম্বর(০১৭১২-৫৯৭৫২৫) ব্যবহার করে নির্দিধায় প্রচার প্রচারনা চালিয়ে থাকেন।
- গ) তিনি তার ফেসবুকের মাধ্যমে প্রায় প্রতিদিন এ প্রতিষ্ঠান দুইটির বিজ্ঞাপন দিয়ে থাকেন।
- ঘ) তিনি তার ব্যক্তিগত প্রতিষ্ঠান থেকে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের বেসিক কোর্সের নিয়মিত উত্তর পত্র পরীক্ষক হিসাবে খাতা দেখেন।
- ঙ) এ অভিযোগের প্রেক্ষিতে পরিচালক(ভোকেশনাল) মহোদয় তাঁর(জনাব মো: মনিউল হাসান) সাথে টেলিফোনে যোগাযোগ করে প্রাথমিক সত্যতা পেয়েছেন।

এমতাবস্থায়, এ বিষয়ের পরিপ্রেক্ষিতে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে মতামত/প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ
পিরোজপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
পিরোজপুর


১৬.১.২০১৭

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।